

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ত্রাণ প্রশাসন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

স্মারক নং-৫১.০২১.০১৮.০০.০০.০১৬.২০০৯-৩৭

তারিখঃ ২৭-০১-২০১৬ খ্রিঃ

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।

বিষয়ঃ এককালীন আনুতোষিক (সম্পূর্ণ বিনিময়) মঞ্জুর।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আমি আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রাক্তন উপ-পরিচালক জনাব মোঃ শাহ আলম গত ২৯-০৪-২০১৪ খ্রিঃ তারিখে সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন। তার এককালীন আনুতোষিক (সম্পূর্ণ বিনিময়) নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.১) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। জনাব মোঃ শাহ আলম-এর মূলবেতন ২৪,১০০/- টাকা এবং ২০% মহার্ঘভাতা হিসেবে ৪,৮২০/- টাকা প্রাপ্য। সে হিসেবে তার মোট বেতন (২৪,১০০+৪,৮২০) = ২৮,৯২০/- টাকা। উক্ত টাকার ৮০% হিসেবে অবসর ভাতা ২৩,১৩৬/- টাকা। উহার ১ম অর্ধাংশের ১১,৫৬৮/- টাকার প্রতি টাকার বিপরীতে ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে (১১,৫৬৮×২৩০)=২৬,৬০,৬৪০/- টাকা এবং ২য় অর্ধাংশ ১১,৫৬৮/- টাকার প্রতি টাকার বিপরীতে ১১৫/- (একশত পনের) টাকা হারে (১১,৫৬৮×১১৫)= ১৩,৩০,৩২০/- টাকা সর্বমোট (২৬,৬০,৬৪০ + ১৩,৩০,৩২০)=৩৯,৯০,৯৬০/- টাকা প্রাপ্য। তবে, হায়ার পারচেজ মোটর সাইকেল অগ্রিম বাবদ সরকারের পাওনা ১৪,৪৫০/- টাকা আনুতোষিক থেকে কর্তনযোগ্য।

৩। এমতাবস্থায়, তিনি এককালীন আনুতোষিক বাবদ (৩৯,৯০,৯৬০-১৪,৪৫০) = ৩৯,৭৬,৫১০/- (উনচল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার পাঁচশত দশ) টাকা প্রাপ্য।

৪। আবেদনকারী এককালীন আনুতোষিক গ্রহণ করবেন বিধায় তিনি মাসিক অবসরভাতা প্রাপ্য হবেন না।


৫। তাঁর অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র এতৎসঙ্গে প্রেরণ করা হলঃ

১	পেনশন ফরম ২.১ (ছবিসহ)	০১ (এক) সেট
২	প্রাপ্তব্য পেনশনের উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	০১ (এক) পাতা
৩	নমুনা স্বাক্ষর ও পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা
৪	না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	০৪ (চার) পাতা
৫	সংশোধিত ইএলপিসি	০১ (এক) পাতা
৬	শেষ বেতনের প্রত্যয়নপত্র	০৭ (সাত) পাতা
৭	চাকরি বিবরণী	০৭ (সাত) পাতা
৮	পিআরএল-এর প্রজ্ঞাপন	০১ (এক) পাতা
৯	জাতীয় পরিচয়পত্র	০১ (এক) পাতা

৬। ভবিষ্যতে তার কাছে কোন সরকারী দেনা-পাওনার দাবী উত্থাপিত হলে তিনি বিধি মোতাবেক তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার একান্ত

  
(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)

ফোনঃ ৯৫৭০০৪০

[asra@modmr.gov.bd](mailto:asra@modmr.gov.bd)


অঃপঃদঃ/২

স্মারক নং-৫১.০২১.০১৮.০০.০০.০১৬.২০০৯-৩৭/১(৫)

তারিখঃ ২৭-০১-২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা। ইহা তীর ০১-১১-২০১৫ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.০৭১.১৪-১০৩৩ এবং ১৫-১২-২০১৫ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.০৭১.১৪-১১৯৯ নং পত্রের বরাতে।
- ২। উপসচিব (অডিট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। জনাব মোঃ শাহ আলম, উপ-পরিচালক (অবঃ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা। (স্থায়ী ঠিকানাঃ নিশিন্দারা (কারবালা), রেজিয়া মঞ্জিল, বগুড়া পৌরসভা, বগুড়া।

  
(মোঃ শাহজাহান)  
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।